

2nd Foreign Office Consultations between India and Tanzania

June 16, 2022

ভারত এবং তানজানিয়ার মধ্যে দ্বিতীয় বিদেশ দপ্তর পরামর্শ জুন 16, 2022

16ই জুন 2022 তারিখে নিউ দিল্লিতে ভারত এবং তানজানিয়ার মধ্যে দ্বিতীয় বিদেশ দপ্তর পরামর্শ অনুষ্ঠিত হয়েছে। আলোচনাটিতে ভারতের তরফ থেকে নেতৃত্ব দিয়েছেন বিদেশ মন্ত্রকের যুগ্ম সচিব (পূর্ব ও দক্ষিণ আফ্রিকা) পুনীত আর কুন্ডল এবং তানজানিয়ার তরফ থেকে নেতৃত্ব দিয়েছেন তানজানিয়ার বিদেশ মন্ত্রক এবং পূর্ব আফ্রিকা সহযোগিতা মন্ত্রী রাষ্ট্রদূত সিজার সি ওয়েতারা।

2. আলোচনাটিতে রাজনৈতিক, অর্থনৈতিক, বাণিজ্য ও বিনিয়োগ, প্রতিরক্ষা, সংস্কৃতি, জনগণের সাথে জনগণের সংযোগ এবং অন্যান্য পারস্পরিক স্বার্থের ক্ষেত্র সহ দ্বিপাক্ষিক সম্পর্কের আগাগোড়া পর্যালোচনা করা হয়েছে। ইউএন-এ সহযোগিতা, ইস্ট আফ্রিকা কমিউনিটি (ইএসি), সাউথ আফ্রিকান ডেভেলপমেন্ট কোঅপারেশন (এসএডিসি) এবং আফ্রিকান ফ্রি ট্রেড এরিয়া (এএফসিএফটিএ) সহ বহুপাক্ষিক এবং আঞ্চলিক বিষয়গুলি নিয়েও আলোচনা করা হয়েছে।

3. উভয়পক্ষ দ্বিপাক্ষিক বাণিজ্য বৃদ্ধির জন্য সন্তোষ প্রকাশ করেছেন, যা 2021-22-এ 4.5 বিলিয়ন মার্কিন ডলারকে স্পর্শ করেছে। ভারত তানজানিয়ার অন্যতম বৃহত্তম বাণিজ্য শরিক এবং তানজানিয়াতে প্রথম সারির বিনিয়োগকারীদের মধ্যে অন্যতম। উভয়পক্ষ বিভিন্ন ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতাকে আরও শক্তিশালী করার জন্য এবং স্বাস্থ্য শিক্ষার ক্ষেত্রে বিনিয়োগের সম্ভাবনাকে অন্বেষণ করতে সম্মত হয়েছে। তানজানিয়াও ভারতের উন্নয়নের অন্যতম অংশীদার এবং ভারত তানজানিয়াতে বিশেষত নগর জল সরবরাহ ও পরিচালন ক্ষেত্রে 1.1 বিলিয়ন মার্কিন ডলার মূল্যের 6 লাইন অব ক্রেডিট সম্প্রসারিত করেছে। ভারতের তরফ থেকে ঋণ, অনুদান এবং অন্যান্য কর্মসামর্থনের বন্দোবস্তর মাধ্যমে তানজানিয়ার সাথে বিকাশের অংশীদারিত্বকে চালিয়ে যাবার জন্য তাদের অঙ্গীকারকে পুনরায় ব্যক্ত করেছে।

4. অংশীদারিত্বকে প্রাণবন্ত ও পারস্পরিক লাভজনক করার জন্য উচ্চ পর্যায়ের রাজনৈতিক বিনিময় এবং যৌথ প্রাতিষ্ঠানিক কর্মসূচির নিয়মিত বৈঠক চালিয়ে যাবার জন্য উভয়পক্ষ সম্মত হয়েছে।

5. পরামর্শটি একটি সৌহার্দ্য পূর্ণ এবং আন্তরিক পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। উভয় পক্ষ পারস্পরিক একটি সুবিধামত তারিখে দার-এস-সালামে পরবর্তী পরামর্শটি অনুষ্ঠিত করার জন্য সম্মত হয়েছে।

নিউ দিল্লি

জুন 16, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.